

B.A. 2nd Semester (General) Examination, 2022 (CBCS)

Subject: Bengali

Course: CC-1B/2B/GE-2

Time: 3hrs.

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে
(নতুন পাঠক্রম)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২x১০ = ২০

- ক. রামরতনবাবু কে? তিনি কার কার কাছে ম্যাজিক শিখেছিলেন?
- খ. প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'বাজীকর' গল্পের প্রথম ও শেষ পরিচ্ছেদের নাম কী?
- গ. 'বাজীকর' গল্পের বাজীকরের বাড়ি কোন জেলায়? বাজি দেখানোর জন্য তিনি কোথায় বাড়ি ভাড়া নেন?
- ঘ. 'ভিখারী সাহেব' গল্পটি কোন পত্রিকায়, কোন সংখ্যায় প্রকাশিত হয়?
- ঙ. 'মহাশয়! আমার কাপড় ময়লা হইয়া যাইবে যে'--কে কাকে কেন বলেছে?
- চ. ভূতের অস্তিত্ব প্রমাণ করার জন্য থিয়োজফিস্ট মনোহরবাবু কার সময়কার প্রসঙ্গ টেনে এনেছেন?
- ছ. 'এই কথা শুনিয়া বৃদ্ধ মহাআশ্বস্ত হইলেন'--বৃদ্ধ কার কোন কথায় আশ্বস্ত হয়েছিলেন?
- জ. 'এখন আর সে নলিনী নাই'--এখনকার নলিনীর বর্ণনা দাও।
- ঝ. 'মামলার ফল' গল্পের বৃন্দাবন সামন্তের দুই ছেলের নাম কী?
- ঞ. 'রামের সুমতি' গল্পে একমাত্র পাস-করা ডাক্তারের নাম কী? তাঁর ভিজিট কত?
- ট. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'মন্দির' গল্পটি কবে কোথায় প্রথম প্রকাশিত হয় ?
- ঠ. 'এই নিষ্ঠুর অভিযোগে গফুরের যেন বাকরোধ হয়ে গেল'--গফুরের বিরুদ্ধে কে, কী অভিযোগ করেছিল?
- ড. 'মহেশ' গল্পে মহেশকে বিক্রি করার প্রচেষ্টার জন্য গফুরকে কী শাস্তি পেতে হয়েছিল?
- ঢ. 'অভাগীর স্বর্গ' গল্পটি প্রথম কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- ণ. 'শ্যামলাল মুখ কালি করিয়া বাড়ি আসিলেন'- শ্যামলালের মুখ কালি করে বাড়ি আসার কারণ কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫x৪ = ২০

- ক. "ভাবিলাম অনেক বাঙালি তো সাহেব হইয়াছে, একটা সাহেবকে বাঙালি করিয়া দেখিলে কেমন হয়"—
প্রসঙ্গ নির্দেশ করে এমন মন্তব্যের কারণ ব্যাখ্যা করো।
- খ. 'রসময়ীর রসিকতা' গল্পের বিনোদিনী চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- গ. "যাহোক, পরের শ্বশুরবাড়িতে উঠে যে আদর পেয়েছিলাম, অনেকে সেরকম নিজের শ্বশুরবাড়িতে পায় না"—
-কোন গল্পে কার উক্তি? এই আদরের বিষয়টি সংক্ষেপে লেখো।
- ঘ. "শ্যামলাল গম্ভীর হইয়া বলিলেন, পালালেও তার সঙ্গে আর সম্পর্ক নেই, না পালালেও নেই"—প্রসঙ্গ উল্লেখ
করে উক্তিটির তাৎপর্য লেখো।
- ঙ. 'মন্দির' গল্পের অপর্ণা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- চ. 'মহেশ' গল্পের তর্করত্ন চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০x২ = ২০

ক. প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'দেবী' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'রসময়ীর রসিকতা' গল্পের বিষয়বস্তু সংক্ষেপে বিবৃত করো।

খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'মন্দির' গল্পের অমরনাথ চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'রামের সুমতি' গল্প অবলম্বনে বৌদি-দেবরের চিরন্তন সম্পর্কের সমীকরণটি তোমার নিজের ভাষায় লেখো।

B.A. 2nd Semester (General) Examination, 2022 (CBCS)

Subject: Bengali

Course: CC-1B/2B/GE-2

Time: 3hrs.

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

পুরোনো পাঠক্রম

১। যে কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর লেখো।

২x১০ = ২০

ক. রামরতন বাবু কে ? তিনি কোথায় ম্যাজিক দেখাছিলেন ?

খ. 'বাজীকর' গল্পে ক'টি পরিচ্ছেদ? শেষ পরিচ্ছেদটির নাম কী ?

গ. হেনরির পুরো নাম কী ? সে কোথায় বক্তৃতা করে স্বদেশবাসীকে মুগ্ধ করেছিল ?

ঘ. "এবার আমার ভাল হইবার সময় আসিয়াছে"- কে কাকে বলেছে ?

ঙ. প্রভাতকুমার মুখোপাধ্যায়ের দুটি গল্প-সংকলনের নাম লেখো।

চ. রসময়ী কবে মরবে বলে ক্ষেত্রমোহনকে জানিয়েছিল ?

ছ. "যা হোক মেয়েটা নিজের অবস্থা ভুলে থাকলেই বাঁচি"- কোন গল্পের অংশ ? এখানে কোন মেয়েটার কথা বলা হয়েছে ?

জ. "আমার জিনিস আমি বেচব না"- কোন্ জিনিস ? বক্তা বেচবে না কেন ?

ঝ. "জমিদার তোর মুখের খাবার কেড়ে নিলে"- কার মুখের খাবার জমিদার কীভাবে কেড়ে নিয়েছিল ?

ঞ. 'অভাগীর স্বর্গ' গল্পটি প্রথম কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয় ?

ট. 'অভাগীর স্বর্গ' গল্পে অভাগীর স্বামীর নাম কী ? সে কোথায় থাকে ?

ঠ. অধর রায় চিতার কাঠের জন্য কাঙালীর কাছে গাছের দাম কত চেয়েছিল ? সে কাঙালীকে তার মায়ের সৎকারের জন্য কী পরামর্শ দিয়েছিল ?

ড. "ঠাকুর, আমি যা দিতে পারি নাই- তা তুমি নাও"- কে ঠাকুরকে কী দিতে চেয়েছে কেন ?

ঢ. "যথা সময়ে অপর্ণার বিবাহ হইয়া গেল"- অপর্ণা কে ? কার সঙ্গে তার বিবাহ হয়েছিল ?

ণ. মরিসন কে ? তিনি কার ছবি কোথায় প্রকাশ করেছিলেন ?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।

৫x৪ = ২০

ক. 'ভিখারী সাহেব' গল্প অবলম্বনে হেনরির পরিচয় দাও।

খ. "আচ্ছা খুড়ো মশায় ভূত কখন চিঠি লেখে"- কে কাকে এই প্রশ্ন করেছে ? এমন প্রশ্নের কারণটি নিজের ভাষায় লেখো।

গ. 'মহেশ' গল্প অবলম্বনে তর্করত্ন চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঘ. "সে শুধু একটু পায়ের ধূলা দিতে গিয়া কাঁদিয়া ফেলিল"- সে বলতে কাকে বোঝানো হয়েছে ? তার কান্নার কারণ ব্যাখ্যা করো।

ঙ. 'মন্দির' গল্পে কোন দেবতার মন্দিরের প্রসঙ্গ আছে ? গল্পে উক্ত দেবতা ও মন্দির কতখানি প্রাধান্য পেয়েছে গল্প অনুসরণে লেখো।

চ. "পত্র পড়িয়া বৃদ্ধ মাথায় হাত দিয়া বসিয়া পড়িলেন"- এখানে কোন বৃদ্ধের কথা বলা হয়েছে ? পত্রের বিষয়বস্তু কী ছিল সংক্ষেপে লেখো।

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

১০x২ = ২০

ক. 'রসময়ীর রসিকতা' গল্পে রসময়ী কে ? কে তার সঙ্গে কী রসিকতা করেছে আলোচনা করো।

অথবা

প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'ভিখারী সাহেব' গল্পটি সার্থক ছোটগল্প হয়েছে কি না বিচার করো।

খ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মন্দির' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

'অভাগীর স্বর্গ' গল্প অবলম্বনে অভাগীর স্বর্গপ্রাপ্তির কাহিনিটি নিজের ভাষায় বিবৃত করো।